Series OSS

Code No. 5

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | |

- Please check that this question paper contains **7** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **13** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the student will read the question paper only and will not write any answer on the answer script during this period.

BENGALI

বাংলা

Time allowed : 3 hours *Maximum Marks : 100*

সময় : 3 ঘন্টা *সর্বমোট অঙ্ক : 100*

SECTION A

1. ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন ***একটির পাঁচটি*** উদাহরণ সহ সংজ্ঞা লেখ । *5+5=10*

   (ক) স্বরভক্তি

   (খ) অভিশ্রুতি

   (গ) সমীভবন

2. যে কোন *দুটি* অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ। 5+5=10

(ক) উপমা

(খ) সমাসোক্তি

(গ) অনুপ্রাস

অথবা

অলঙ্কার নির্ণয় কর (সংজ্ঞা সহ *দুটি*)

(ক) কুলায় কাঁপিছে কাতর কপোত।

(খ) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ,
কোন গুণ নাই তার কপালে আগুণ॥

(গ) মুরারি মুরলী ধ্বনি সদৃশ মুরারি।

(ঘ) বরিষার ধারামত অজস্র জননী প্রেম।

(ঙ) দেখিলাম কালবৈশাখীর
ভ্রূকুটি কুটিল কঠোর কাঠিন্যভরা মুখ।

3. যে কোন *পাঁচটি* বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য রচনা কর। 10

তিলকে তাল করা, অন্ধকারে ঢিল ছোঁড়া, পায়া ভারি, ডুবে ডুবে জল খাওয়া, দু নৌকোয় পা, চোখে সর্ষে ফুল দেখা, নয়নের মণি, উলুবনে মুক্তো ছড়ানো, কলুর বলদ, তেলা মাথায় তেল দেওয়া, সোনায় সোহাগা, আকাশ থেকে পড়া, ঢাক পিটানো।

SECTION B

4. শিরোনাম দিয়ে অনুচ্ছেদটির সারাংশ লেখ। *2+8=10*

ধর্ম কি ? ধর্ম বলতে কি বোঝায় ? যারা ভগবানকে পূজা করে না, তারা কি ধর্মপরায়ণ হতে পারে ? যারা ভগবানের নামে আত্মহারা তারা কতটা ধর্মপরায়ণ ? যারা শব্দের ইতিহাসের দিকে তাকান, তারা বলেন, ধৃ ধাতু থেকে ধর্ম শব্দের উৎপত্তি। 'ধৃ' অর্থ ধারণ করা। যা জগৎকে ধারণ করে আছে, তাই ধর্ম।

আমাদের জিজ্ঞাস্য – কি জগৎকে ধারণ করে আছে ? উত্তরে বলা হয় – ধারণ করে আছে কতগুলো কর্তব্য। যেমন, ছাত্রের কর্তব্য যা পাঠ্য তা পড়া, নিয়ম-শৃঙ্খলা মানা, আনুগত্য প্রকাশ করা ইত্যাদি। এই কর্তব্যগুলো পালনই ছাত্রের ধর্ম – অর্থাৎ ছাত্র তার কর্তব্যগুলো পালন করলে সমাজ-ব্যবস্থাটাকে ধরে রাখার সহায়ক হয়। তেমনি, শিক্ষকের কর্তব্য সম্ভব-মত জ্ঞান অর্জন করা, নিষ্ঠার সঙ্গে পাঠ দান করা, নিয়ম-শৃঙ্খলা মেনে চলা, সদাচার করা প্রভৃতি। শিক্ষক তার কর্তব্যগুলি করলে শিক্ষাদান ব্যবস্থাকে ধরে রাখার সহায়ক হয়। দেশের শাসকের জন্য, আদালতের বিচারকের জন্য, অফিসের কর্মচারীদের জন্য, এভাবে কর্তব্য নির্ধারিত আছে। কর্তব্য নির্ধারিত আছে গৃহিনীর জন্য, বাবা-মায়ের জন্য, দোকানী, ব্যবসায়ী, মুচী, মেথর, ধোপা, নাপিত সবারই জন্য। প্রত্যেকে নিজ নিজ কর্তব্য সুষ্ঠভাবে পালন করলেই সমাজ-ব্যবস্থাকে যথাযোগ্য ভাবে ধরে রাখা যায় অর্থাৎ ধারণ করা যায়। এই অর্থে স্ব-স্ব কর্তব্য পালনই ধর্ম। নিজ নিজ কর্ম করার নামই ধর্ম।

SECTION C

5. বন্ধুর সঙ্গে তোমার অতি তুচ্ছ কারণে ভুল বোঝাবুঝি হয়েছে, সেই মনোমালিন্য মিটিয়ে ফেলার জন্য অনুরোধ জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ। *4+6=10*

অথবা

মায়ের শারীরিক অসুস্থতার খবর জেনে তাঁর সুস্থ হয়ে ওঠার কামনা করে মাকে একটি চিঠি লেখ।

SECTION D

গদ্যাংশ

6. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : *5*

ব্রাহ্মণ ফলাহারের পর দক্ষিণা না লইয়া বাড়ী ফিরিতেন না, কিন্তু দাতা ও গ্রহীতার মধ্যে এমন একটি মধুর সম্বন্ধ ছিল যে, দক্ষিণার আর্থিকতা তাহার মধ্যে স্থান পাইত না।

অথবা

সংসারে অন্য অভাব অনেক আছে, কেবল নিন্দুক আছে যথেষ্ট। তারা বলিল, "খাঁচাটার উন্নতি হইতেছে, কিন্তু পাখিটার খবর কেহ রাখে না।"

7. "মারপিট কেন ? স্থির হইয়া হুঁকা হাতে করিয়া, একটু বিচার করিয়া দেখো দেখি ? এ সংসারে ক্ষীর, সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস, সকলই তোমরা খাইবে ?

(ক) অংশটি কোন্ গ্রন্থের কোন্ রচনা থেকে নেওয়া হয়েছে ?

(খ) কথাগুলো কে বলেছে ?

(গ) এখানে 'তোমরা' বলতে কাদের বোঝানো হয়েছে ?

(ঘ) রচনাটির মূল ভাব সংক্ষেপে লেখ। *2+2+2+3=9*

অথবা

তখন শিক্ষামহালে হাপর হাতুড়ি আগুণ লইয়া কামার আসিয়া হাজির। কী দমাদ্দম পিটানি। লোহার শিকল তৈরি হইল। পাখির ডানাও গেল কাটা।

(ক) কোন্ রচনা এবং কার লেখা থেকে নেওয়া হয়েছে ?

(খ) লোহার শিকল কার জন্য তৈরি হল ?

(গ) ডানা কাটা যাওয়ার অর্থ কি ?

(ঘ) রচনাটির মূল বক্তব্য সংক্ষেপে বোঝাও।

8. আমার আনন্দে সকলের আনন্দ হউক, আমার শুভে সকলের শুভ হউক, আমি যাহা পাই তাহা পাঁচজনের সহিত মিলিত হইয়া উপভোগ করি – এই কল্যাণী ইচ্ছাই উৎসবের প্রাণ। *2+4=6*

(ক) 'শুভ উৎসব' রচনাটির লেখক কে ?

(খ) লেখক 'কল্যাণী ইচ্ছা' বলতে কি বুঝিয়েছেন তা বিস্তৃতভাবে লেখ।

অথবা

তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ – দরিদ্রের ক্ষুধা কেহ বোঝেনা।

(ক) কার উক্তি ?

(খ) আলোচ্য অংশটির তাৎপর্য বোঝাও।

পদ্যাংশ

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। *5*

শত শত সাম্রাজ্যের ভগ্নশেষ-'পরে
ওরা কাজ করে।

অথবা

জীবন উদ্যানে তোর যৌবন কুসুম ভাতি
কতদিন রবে ?

10. জানি তারও পথ দিয়ে বয়ে যাবে কাল,
কোথায় ভাসায়ে দেবে সাম্রাজ্যের দেশ-বেড়া জাল।

(ক) কোন কবিতার অংশ ?

(খ) 'তারও পথ' বলতে কি বলতে চেয়েছেন কবি ?

(গ) 'কোথায় ভাসায়ে দেবে সাম্রাজ্যের দেশ-বেড়া জাল' এই পংক্তির তাৎপর্য কি ? *1+2+3=6*

অথবা

'আত্মবিলাপ' কবিতাটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ কর।

11. এ বয়সে তাই নেই কোন সংশয় –
এ দেশের বুকে আঠারো আসুক নেমে ॥
কবি আঠারো বছর বয়সে সংশয় নেই কেন বলেছেন ? এদেশের বুকে 'আঠারোকেই' বা কেন আমন্ত্রণ জানাচ্ছেন ? *4*

অথবা

'আঠারো বছর বয়স' কবিতায় কবি আঠারো বছরের কোন বৈশিষ্ট্যগুলি চিত্রিত করেছেন।

12. "ওর শীগ্‌গির আসা নিয়ে দরকার। তা সে পথে নদী নালা থাক আর সাপ খোপ বাঘ ভালুকই থাক।"

(ক) কার উক্তি ?

(খ) কোন প্রসঙ্গে কথাগুলি বলা হয়েছে ?

(গ) যার প্রসঙ্গে একথা বলা হয়েছে, তার চরিত্রের কোন দিকটি এতে প্রকাশ পেয়েছে, কোনও একটি ঘটনার উল্লেখ করে তা লেখ। *2+3+5=10*

অথবা

"সৃষ্টিকর্তা ! এই অদ্ভুত অপার্থিব বস্তু কেনই বা সৃষ্টি করিয়া পাঠাইয়া ছিলেন এবং কেনই বা তাহা এমন ব্যর্থ করিয়া প্রত্যাহার করিলেন ?

(ক) কার উক্তি ?

(খ) কার প্রসঙ্গে বলা হয়েছে ?

(গ) 'অদ্ভুত অপার্থিব বস্তু' বলার কারণ বিস্তৃত ভাবে লেখ ।

13. টীকা লেখ (যে কোন ***একটি***) : *5*

(ক) রাজলক্ষ্মী

(খ) অন্নদাদিদি

(গ) মেজদা

(ঘ) শাহ্‌জী